[This question paper contains 2 printed pages.]

Your Roll No..............

| | | |
|---|---|---|
| **Sr. No. of Question Paper** | : | **3262** **D** |
| Unique Paper Code | : | 2081001002 |
| Name of the Paper | : | Translation and Interpretation in Bengali |
| Name of the Course | : | **Ability Enhancement Course (AEC)** |
| Semester | : | I |

Duration : 2 Hours　　　　Maximum Marks : 60

**Instructions for Candidates**

1. Write your Roll No. on the top immediately on receipt of this question paper.

## 'ক' বিভাগ

যে-কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও।　　　　10 × 3 = 30

1. অনুবাদ কাকে বলে? ভারতবর্ষের মত একটি বহুভাষী দেশে অনুবাদচর্চার গুরুত্ব বেশি কেন তা আলোচনা কর।

2. 'উৎস পাঠ' (Source Text) ও 'উদ্দিষ্ট পাঠ' (Target Text) বলতে কী বোঝ? উদাহরণসহ আক্ষরিক অনুবাদ ও ভাবানুবাদের মধ্যে পার্থক্য চিহ্নিত কর।

3. অনুবাদের সময় মূলের কোনও শব্দ বা চিত্রকল্পকে হুবহু ভাষান্তরিত না-করা গেলে, সেক্ষেত্রে কী করা বাঞ্ছনীয় বলে তোমার মনে হয়?

4. অনুবাদ কার্যের সময় অনুবাদক কী কী সমস্যার সম্মুখীন হতে পারেন, তা বর্ণনা কর।

5. অনুবাদচর্চার ধারা সম্পর্কে একটি প্রবন্ধ রচনা কর।

## 'খ' বিভাগ

1. নীচের লিখিত অংশটি বাংলা ভাষায় অনুবাদ কর। 15

I have been crying myself hoarse for a long time to emphasize that the Bengalis would not survive if they can not solve their food problem. I feel like crying at the pathetic sight of the physical and mental weakness of the Bengali youth. The youth of Bengal are prematurely ageing by sacrificing their health and youth in the pursuit of higher education. They have been wasting half of their life in search of ill-paid jobs. They feel greatly relieved if they can somehow manage a job and settle down in life. Very few Bengalis think of engaging themselves in trade and commerce. This servile mentality is the root cause of backwardness of the Bengalis.

2. নিম্নলিখিত অংশটি ইংরেজি ভাষায় অনুবাদ কর। 15

স্কুল হইতে ফিরিয়া আসিয়া রাম সর্বাগ্রে তাহার গাছটি দেখিতে গিয়া একেবারে লাফাইয়া উঠিল। বই খাতা ছুঁড়িয়া ফেলিয়া দিয়া চিৎকার করিয়া উঠিল- "বৌদি, আমার গাছ?" নারায়ণী রান্নাঘর হইতে বাহিরে আসিয়া বলিলেন- "বলছি এদিকে আয়।"

"না, যাব না, কই আমার গাছ?"

"এদিকে আয় না, বলছি"

রাম কাছে আসিতেই তিনি হাত ধরিয়া ঘরে লইয়া গিয়া কোলের উপর বসাইয়া মাথায় হাত বুলাইয়া বলিলেন- "মঙ্গলবারে কি অশ্বত্থগাছ পুততে আছে রে?"

রাম শান্ত হইয়া জিজ্ঞাসা করিল "বেশ, কি হয়?"

নারায়ণী হাসিয়া বলিলেন- "তাহলে বাড়ির বড়বৌ মরে যায় যে"।

রাম এক মুহূর্তে ম্লান হইয়া গিয়া বলিল- "যা! মিছে কথা"।

নারায়ণী হাসি মুখে বলিলেন- "না রে, মিছে কথা নয়, পাঁজিতে লেখা আছে।"

"কই পাঁজি দেখি।"